



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০১৬

তারিখঃ ১৬-০৩-২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থবছর (২০১৬-২০১৭ কর বছর) এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন/ভাতাদি আয়ের উপর আয়কর নিরূপণ ও কর্তন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রতি বছরের ন্যায় ৩০ জুন, ২০১৬ তারিখে সমাপ্ত ২০১৫-২০১৬ অর্থবছর (২০১৬-২০১৭ কর বছর) এর জন্য ব্যাংকের সকল করদাতা কর্মকর্তা/ কর্মচারীদের বেতন আয়ের উপর নিজ তহবিল হতে আয়কর প্রদান করতে হবে। ২০১৫-২০১৬ অর্থবছরে করদাতা কর্মকর্তা/ কর্মচারীগণকে নিজ তহবিল হতে কর প্রদানের ক্ষেত্রে অত্র বিভাগের ২৪-০৮-২০১৫ তারিখের সার্কুলার লেটার নং প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০১/২০১৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে। উক্ত সার্কুলার লেটারের ০২ নং অনুচ্ছেদের মর্মানুযায়ী ২০১৪-২০১৫ অর্থবছরে প্রদেয় করকে ভিত্তি ধরে মার্চ/২০১৬ হতে জুন/২০১৬ মাসের মধ্যে সমান ৪ (চার) কিস্তিতে সকল করদাতা কর্মকর্তা/ কর্মচারীদের বেতন/ভাতাদি আয়ের উপর আয়কর আদায় করতে হবে। সকল শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় হতে আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী এবং আয়কর বাবদ কর্তনকৃত টাকার ক্রেডিট এডভাইস জোনাল কার্যালয়ের মাধ্যমে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ও ঢাকা শাখা হতে আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী এবং আয়কর বাবদ কর্তনকৃত টাকার ক্রেডিট এডভাইস সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।


০৩। সকল শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও প্রধান কার্যালয়ের বেতন প্রদানকারী কর্তৃপক্ষ কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বেতন আয়ের উপর প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে বাধ্যতামূলকভাবে কর্তন নিশ্চিত করবেন। আয়কর কর্তনের ক্ষেত্রে কোন প্রকার অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২০১৪-২০১৫ অর্থবছরে ন্যূনতম কর হারের পরিমাণ নিম্নরূপ:

- ১) ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা -৫,০০০/-
- ২) অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা -৪,০০০/-
- ৩) সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা -৩,০০০/-

০৪। ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট ঘোষণায় আয়কর সংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্তন হলে সে মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। উপরে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৫। আয়কর প্রদান বিষয়ে নতুন কোন তথ্য জানার প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা কেহিবি-১ এর সাথে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।


(মোঃ ইউনুছ আলী) ১৬/০৩/১৬

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ০৭২১-৮৬২৪৬৪।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(১৪)/২০১৫-২০১৬/৮২৫২(৪৮০)

তারিখঃ ১৬-০৩-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/সকল বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ এল.পি.ও, রাজশাহী।
- ৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। জোনভুক্ত সকল শাখায় পত্রের কপি সরবরাহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। পরিচালক, এসইসিপি, রাকাব, রাজশাহী।
- ১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। মেসার্স মসিহ মুহিত হক এন্ড কোং, আয়কর উপদেষ্টা, ইউটিসি বিল্ডিং, লেভেল-১৩, ৮ পাছপথ, ঢাকা।
- ১৩। অফিস নথি/ মহানুষ্ঠি।

(মোঃ মিজানুর রহমান)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা